সোনালী ব্যাংক পিএলসি.

কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন বিভাগ
স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ "সাউদার্ন বিজনেস ইনিসিয়েটিভ" যার অবস্থান, ঠিকানা-গ্রাম-বৈরাগীটোল, ডাকঘর-টুঠামান্দ্রা, উপজেলা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ, যার অফিস-রূপায়ন মিলেনিয়াম স্কয়ার, ছ-৭০ এবং ৭০/এ, প্রগতি সরনী, উত্তর বাড্ডা, ঢাকা-১২১২, যার ম্যানেজিং পার্টনার (০১) জীশান মীর্জা, পিতা-মির্জা মনসুর আল হক, স্থায়ী ও বর্তমান ঠিকানা-২২৮/৩, শেখপাড়া রোড, দক্ষিণ যাত্রাবাড়ী, ডাকঘর: ফরিদাবাদ-১২০৪, যাত্রাবাড়ী, ঢাকা, পার্টনার (০২) ফারহীন রিশতা বিনতে বেনজীর, পিতা-বেনজীর আহমেদ, মাতা-জীশান মীর্জা, স্থায়ী ও বর্তমান ঠিকানা-২২৮/৩, শেখপাড়া রোড, দক্ষিণ যাত্রাবাড়ী, ডাকঘর: ফরিদাবাদ-১২০৪, যাত্রাবাড়ী, ঢাকা, পার্টনার (০৩) তাহসীন রাইসা বিনতে বেনজীর, পিতা-বেনজীর আহমেদ, মাতা-জীশান মীর্জা, স্থায়ী ও বর্তমান ঠিকানা-২২৮/৩, শেখপাড়া রোড, দক্ষিণ যাত্রাবাড়ী, ডাকঘর: ফরিদাবাদ-১২০৪, যাত্রাবাড়ী, ঢাকা, পার্টনার (০৪) যাহরা যারীন বিনতে বেনজীর, পিতা-বেনজীর আহমেদ, মাতা-জীশান মীর্জা, স্থায়ী ও বর্তমান ঠিকানা-২২৮/৩, শেখপাড়া রোড, দক্ষিণ যাত্রাবাড়ী, ডাকঘর: ফরিদাবাদ-১২০৪, যাত্রাবাড়ী, ঢাকা, এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এ শাখা হইতে গৃহীত উপর্যুক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩০-০৯-২০২৬ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১,৫০,৯৮,৭৭৯.০০ টাকা (কথায়-এক কোটি পঞ্চাশ লক্ষ আটানব্বই হাজার সাতশত উনআশি টাকা মাত্র) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে নিম্ন তফসিলভূক্ত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) ও হাইপোঃ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছেঃ-

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেলা-গোপালগঞ্জ, উপজেলা ও সাব রেজিষ্ট্রি অফিস-গোপালগঞ্জ সদর, মৌজা-টুঠামান্দ্রা, জেএল নং-আর.এস ও এস.এ-৬০ ও বি আর এস-৫৬ স্থিত নিম্মোক্ত খতিয়ান ও দাগের ভূমি।

খতিয়ান নং			দাগ নং		জমির পরিমান
আর এস	এস এ	বি আর এস	আর এস/এস এ	বি আর এস	
৭৭২	৮৩৪		২১৫২	৫১৭১	৭৭.০০ শতাংশ
৭৭১	৮৩৩	১/১		৫১৭২	১৫৪.০০ শতাংশ
			২১৫১	৫১৬৮	১৮১.৭৫ শতাংশ
				৫১৭৩	১০২.৬৭ শতাংশ
				৫১৭০	৮৪.০০ শতাংশ
				৫১৬৯	১১০.০০ শতাংশ
যার নামজারী খতিয়ান নং-১৫৯৫, ১৫৯৬,১৬০১ এবং জোত নং-১৫৯৮, ১৫৯৯, ১৬০৪ বটে।					মোট ৭০৯.৪২ শতাংশ

যার চৌহদ্দীঃ

ক) দলিল নং-৩৬১৯ এর ৭৭ শতাংশের চৌহদ্দী- উত্তরে ও দক্ষিনে-মিঠু ভাই, পূর্বে-সানু বিশ্বাস, পশ্চিমে-কেশর বিশ্বাস।
খ) দলিল নং-৫৫৯৭ এর ২৭১ শতাংশের চৌহদ্দী- উত্তরে ও দক্ষিনে-রফিকুল ইসলাম, পূর্বে-মনু বিশ্বাস, পশ্চিমে-কেশর বিশ্বাস।
গ) দলিল নং-৫৫৯৮ এর ৩৬১.৪২ শতাংশের চৌহদ্দী- উত্তরে ও দক্ষিনে-গ্রহীতা নিজ, পূর্বে-সুনীল বিশ্বাস, পশ্চিমে-অরুনা বিশ্বাস।

২৫-১১-২৫

-ঃ শর্ত সমূহ ঃ-

০১) আগামী ~~১৮-১১-২০২৬~~ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন বিভাগ, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত কার্যালয়ে পোছাইতে হবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলোঃ

	আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্বৃত্ত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ)	উদ্বৃত্ত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্বৃত্ত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

চলমান পাতা-০২

৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে,উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

) দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্থান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন,দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবিত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করতে হবে।

) ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এর কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ,গ্যাস, পানির বিল, পৌরকর,ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে ।

নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তির সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ডেপুটি জেনারেল ম্যানেজার
কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন বিভাগ
সোনালী ব্যাংক পিএলসি.
ানীয় কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
মোবাইল-০১৭৮০৭৯৪৮৩০।